উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২২- ৩৬(৫০)

তারিখ ঃ ০২ মাঘ ১৪২৮
১৬ জানুয়ারি ২০২২

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৩০তম মাসিক সভা (জানুয়ারি, ২০২২ মাসের) আগামী ২০/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১ঃ৩০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৬। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।

ক) ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) উপজেলা পরিষদের অফিস/বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণের জন্য প্রকল্প প্রস্তুত ও অনুমোদন বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা।
ঘ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
ঙ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
চ) ভিক্ষুক পুর্নবাসন সংক্রান্ত বিষয়ে আলোচনা।
ছ) উপজেলা আইসিটি ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বিদ্যমান ০৪টি ছোট(৫/৬ বছর বয়সী) আকাশমনি গাছ কর্তন বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ১৯/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- narayan14gram@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

১৬/০১/২২

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ ..............................................................
..............................................................
..............................................................
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২২- ৩৬(৫০)/১(৭)

তারিখ ঃ ০২ মাঘ ১৪২৮
১৬ জানুয়ারি ২০২২

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ১৯/০১/২০২২ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

# উপজেলা পরিষদ কার্যালয়
## কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

**কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ**

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। |
| সভার তারিখ | ঃ ২০ জানুয়ারি, ২০২২ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার সভার সময় ঃ সকাল ১১ঃ৩০ টা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা । |
| সভার উপস্থিতি | ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো। |

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার সভায় সভাপতিত্ব করেন। সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব শুভাশিস ঘোষ আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিভাগীয় কর্মকর্তাগণ জানান, তাদের কাছে বর্তমানে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন সুপারিশ বাস্তবায়নের অপেক্ষায় নেই।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিভাগের নতুন কোন পরিপত্র থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক সভায় কোন নতুল সার্কুলার/ পরিপত্র উপস্থাপন করা হয়নি।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব-বিভাগের কাজের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ফলোআপ রিপোর্ট এবং সভার কার্যপত্র (যদি থাকে) যথাসময়ে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল।

০৬। বিভিন্ন উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

ক) জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ২০ জানুয়ারি, ২০২২ পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সমূহ সভায় উপস্থাপন করা হয়। উপজেলা কমিটির কার্যবিবরণী সমূহ পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি ২০২১ মাসের এ পর্যন্ত ০৫টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী সকল উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের

পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

বাস্তবায়নেঃ ১। সভাপতি, সংশ্লিষ্ট সকল উপজেলা কমিটি।

২। সদস্য-সচিব (বিভাগীয় কর্মকর্তা), সংশ্লিষ্ট সকল।

০৭। সভায় অনুমোদন যোগ্য উপজেলা কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাব সমূহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | উপজেলা কমিটির নাম | প্রাপ্ত প্রস্তাব ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ০৪/০১/২০২২ তারিখ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ছাত্র-ছাত্রীদের ইউনিক আইডি কার্ড প্রদান এবং বিজ্ঞান মেলা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০২ | সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৮/০১/২০২২ তারিখ সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক কর্মকান্ড পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৩ | মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১০/০১/২০২২ তারিখ মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি। | ক) জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৪ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৩/০১/২০২২ তারিখ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কার্যক্রমের বিষয়ে এবং ০১। উপজেলা কমপ্লেক্স সংলগ্ন প্রধান সড়কের পার্শ্বে ড্রেনেজ ব্যবস্থা তৈরির বিষয়ে ও ০২। বারপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অভ্যন্তরে নিচু জায়গায় মাটি ভরাট করার জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। | ক) জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংলগ্ন প্রধান সড়কের পার্শ্বে বিদ্যমান আবর্জনা পরিস্কারকরণসহ উক্ত স্থানে ভবিষ্যতে কেউ যেন ময়লা-আবর্জনা না ফেলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>গ) বারপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অভ্যন্তরে নিচু জায়গায় মাটি ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক)+খ) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।<br>গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৭/০১/২০২২ তারিখ মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) জানুয়ারি, ২০২২ মাসে প্রমাপ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |

০৮। উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে সকল ইউনিয়ন হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। এ পর্যন্ত প্রাপ্ত তালিকাগুলো যাচাই-বাছাই করে মোট ৪২ টি প্রকল্প চূড়ান্ত করা হয়েছে। চূড়ান্তকৃত প্রকল্প তালিকা পরিশিষ্ট "খ"-তে উল্লেখ করা হলো। উক্ত প্রকল্প তালিকা অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।<br>জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে প্যাকেজ নং- টেন্ডার/সিইউএম/এসওইউ/২০২০-২১/ ইউইউটি/ গলিয়ারা-এস, আইডি নং-৫৮৮৭০৯ এর আওতায় 'চুলিপাড়া রফিক এর বাড়ীর রাস্তা সলিং' এর একটি প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার আহবান করা হয়। কিন্তু স্থানীয় জনগণের চাহিদা ও জনগুরুত্বের কথা বিবেচনায় এনে উক্ত প্রকল্পটির পরিবর্তে 'বীর মুক্তিযোদ্ধা সুবেদার আবদুল খালেক এর বাড়ীর সামনে মসজিদ থেকে আবদুল মতিনের বাড়ী পর্যন্ত সলিং' প্রকল্পটি এবং প্যাকেজ নং- টেন্ডার/সিইউএম/এসওইউ/২০২০-২১/ ইউইউটি/চৌয়ারা-০২, আইডি নং-৫৮৮৭১২ এর আওতায় 'ভৈষখলা আয়েত আলীর দোকান থেকে কামালের ঘর পর্যন্ত সলিং' এর একটি প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার আহবান করা হয়। কিন্তু স্থানীয় জনগণের চাহিদা ও জনগুরুত্বের কথা বিবেচনায় এনে উক্ত প্রকল্পটির পরিবর্তে ' ভৈষখলা রাস্তায় বিদ্যমান প্রায় ৪০০ ফুট রিটেইনিং ওয়ালের উপরের অংশ আরো ২ ফুট উঁচুকরণ ও প্রায় ২০০ ফুট জায়গার সলিং সংস্কারকরণ' প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা চূড়ান্ত তালিকাগুলির বিপরীতে টেন্ডার প্রক্রিয়া অতি দ্রুত গ্রহণ করে প্রকল্প সমূহ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ক) ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে পরিশিষ্ট "খ"-তে উল্লিখিত চূড়ান্তকৃত মোট ৪২ টি প্রকল্পের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>খ) একই প্রাক্কলিত ব্যয়ে 'চুলিপাড়া রফিক এর বাড়ীর রাস্তা সলিং' প্রকল্পটির পরিবর্তে 'বীর মুক্তিযোদ্ধা সুবেদার আবদুল খালেক এর বাড়ীর সামনে মসজিদ থেকে আবদুল মতিনের বাড়ী পর্যন্ত সলিং' প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন দেয়া হয়।<br>গ) একই প্রাক্কলিত ব্যয়ে 'ভৈষখলা আয়েত আলীর দোকান থেকে কামালের ঘর পর্যন্ত সলিং' এর প্রকল্পটির পরিবর্তে ' ভৈষখলা রাস্তায় বিদ্যমান প্রায় ৪০০ ফুট রিটেইনিং ওয়ালের উপরের অংশ আরো ২ ফুট উঁচুকরণ ও প্রায় ২০০ ফুট জায়গার সলিং সংস্কারকরণ' প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন দেয়া হয়। | ক)+খ) +গ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আগামী ২২/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় করোনার বুস্টারডোজ প্রদান কার্যক্রম শুরু | ক) আগামী ২২/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় করোনার | ক) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কুমিল্লা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। যাদেরকে বুস্টার ডোজ দেয়া হবে, তাদের মোবাইলে ম্যাসেজ যাবে। ম্যাসেজ পেলে টিকা কার্ড ডাউনলোড করে সাথে আনতে হবে। তবে উদ্বেগের বিষয় এই যে, জনগণের মধ্যে টিকা গ্রহণের আগ্রহ দিন দিন কমে যাচ্ছে। তাই জনগণকে টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বুস্টারডোজ প্রদান কার্যক্রম শুরু হওয়ার বিষয়টি এলাকায় ব্যাপক প্রচার এবং জনগণকে টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সদর দক্ষিণ। |
| ৩। | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, আগামী ৬ ই ফেব্রুয়ারি, ২০২২ তারিখ প্রাণি সম্পদ প্রদর্শণী অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শণীতে অংশগ্রহণকারীদেরকে পুরস্কারের ব্যবস্থা রয়েছে।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ সভায় বলেন, এ উপজেলায় অনেক মৎস্য চাষী ও খামারী রয়েছে। বাহির থেকে মাছের খাবার ও পশু খাদ্য ক্রয় করতে হয় বিধায় তাদের লাভের সিংহ ভাগ খাদ্য ক্রয়ে চলে যায়। অথচ চাষীরা ও খামারীরা নিজেরা খাদ্য উৎপাদন করতে পারলে তাদের অনেক লাভ হতো। তাই এ উপজেলায় মাছের খাদ্য ও পশু খাদ্য উৎপাদনকারী উদ্যোক্তা তৈরির ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। চলতি অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের আওতায় উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। মৎস্য ও পশু খাদ্য তৈরির নতুন নুতন প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের তালিকা তৈরির জন্য তিনি পরামর্শ প্রদান করেন। | ক) মৎস্য ও পশু খাদ্য তৈরির নতুন নুতন প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের তালিকা তৈরির জন্য উপজেলা মৎস্য অফিসার এবং উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা মৎস্য অফিসার এবং উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |

০৯। বিবিধ আলোচনাঃ

| | | | |
|---|---|---|---|
| ভিশন-২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে আলোচনাঃ<br><br>ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার( ইউডিসি) ঃ | উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় ভিশন-২০২১ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের কার্যক্রম, কম্পিউটার শিক্ষার প্রসার এবং সাইবার অপরাধের বিষয়ে উপজেলা আইসিটি কমিটি/ফোরামের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | ক) ইউআইএসসি এর কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে এবং ইউআইএসসি- এর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিতভাবে দৈনিক আয়ের তথ্য আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগের কর্মকান্ডের যাবতীয় তথ্যাদির সফট্ কপি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিকট জমা দিবেন। | ক) চেয়ারম্যান, সকল ইউপি, কুমিল্লা সদর দক্ষিণ।<br><br>খ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ বিভাগীয় কর্মকর্তা, সকল। |
| খ) আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের ঋণ বিতরণ ও আদায়সহ কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান, জনপ্রতিনিধিদের সহায়তায় ঋণ আদায় ও বিতরণের অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। | ক) যারা ঋণ নিতে চায় তাদেরকে ঋণ দিতে হবে এবং যাদের পূর্বের লেনদেন ভালো তাদেরকে আগে ঋণ প্রদান করতে হবে। | ক)শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ। |
| গ) উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমের প্রমানাদি উপজেলা | জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম সময়মত সম্পাদন করা | ক) উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ কার্যক্রম সমূহ যথাসময়ে ওয়েব পোর্টালে | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর |

| | | | |
|---|---|---|---|
| পরিষদের ওয়েব পোর্টালে আপলোডকরণ বিষয়ে আলোচনা। | এবং কার্যক্রমের তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে সহকারী প্রোগ্রামারকে বক্তব্য প্রদানের অনুরোধ জানান। সে প্রেক্ষিতে সহকারী প্রোগ্রামার সভায় জানান, তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড করার কার্যক্রম চলমান আছে, অল্প কিছু দিনের মধ্যে তা শেষ হবে। | আপলোড করার কাজ দ্রুত সম্পাদন এবং তথ্য আপলোড কার্যক্রম নিয়মিত মনিটর করার জন্য গঠিত কমিটিকে পুনরায় অনুরোধ করা হয়। | দক্ষিণ ও আহবায়ক। |
| ঘ)উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৪টি বসত ঘর নির্মাণ বিষয়ে আলোচনা। | জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ হতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৪টি বসত ঘর নির্মাণ করার নির্দেশনা দেয়া হয়েছে এবং সময়ে সময়ে উক্ত বসতঘর নির্মাণ কাজের অগ্রগতির বিষয়ে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হচ্ছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ০৪ জন উপকারভোগী নির্বাচন করা হয়েছে। নির্বাচিত উপকারভোগীদের জন্য ০৪টি বসতঘর নির্মাণের কাজ শুরু করার বিষয়ে তিনি পরিষদ সভায় সিদ্ধান্ত প্রদানের অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার পরামর্শ নিয়ে উপজেলা টাস্কফোর্স কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৪টি বসত ঘর নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা টাস্কফোর্স কমিটি। |
| ঙ)উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে অবস্থিত ০১।উপজেলা পরিষদ গণ মিলনায়তন(হল রুম) এর অভ্যন্তরীন সাজ-সজ্জা ও শীতাতপ নিয়ন্ত্রণ (ইন্টেরিয়র ডেকোরেশন ও এয়ার কন্ডিশনিং) এবং ০২। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের মেরামত ও অভ্যন্তরীন সাজ-সজ্জাকরণ বিষয়ে আলোচনা । | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পরামর্শ মোতাবেক সুষ্ঠু ও উন্নত কর্মপরিবেশ সৃষ্টির লক্ষে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে অবস্থিত ০১। উপজেলা পরিষদ গণমিলনায়তন (হল রুম) এর অভ্যন্তরীন সাজ-সজ্জা ও শীতাতপ নিয়ন্ত্রণ (ইন্টেরিয়র ডেকোরেশন ও এয়ার কন্ডিশনিং ) কাজ সম্পাদনের জন্য ৯৯,৭৭,৩৭৩/-( নিরানব্বই লক্ষ সাতাত্তর হাজার তিনশত তিয়াত্তর) টাকার এবং ০২। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের মেরামত ও অভ্যন্তরীন সাজ-সজ্জাকরণ কাজ সম্পাদনের জন্য ১০,৯৭,৪৯৬/-( দশ লক্ষ সাতানব্বই হাজার চারশত ছিয়ানব্বই) টাকার পৃথক দু'টি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলন দু'টি সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের অনুরোধ জানান। | ক) ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে অবস্থিত ০১।উপজেলা পরিষদ গণমিলনায়তন (হল রুম) এর অভ্যন্তরীন সাজ-সজ্জা ও শীতাতপ নিয়ন্ত্রণ (ইন্টেরিয়র ডেকোরেশন ও এয়ার কন্ডিশনিং ) কাজ সম্পাদনের জন্য প্রস্তুতকৃত ৯৯,৭৭,৩৭৩/-( নিরানব্বই লক্ষ সাতাত্তর হাজার তিনশত তিয়াত্তর) টাকার প্রাক্কলন এবং ০২। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের মেরামত ও অভ্যন্তরীন সাজ-সজ্জাকরণ কাজ সম্পাদনের জন্য প্রস্তুতকৃত১০,৯৭,৪৯৬/-( দশ লক্ষ সাতানব্বই হাজার চারশত ছিয়ানব্বই) টাকার প্রাক্কলন দু'টি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ) অনুমোদিত প্রাক্কলন দু'টির বিষয়ে নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা এর কারিগরি প্রতিবেদন গ্রহণক্রমে প্রকল্প দু'টি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| চ)উপজেলা আইসিটি ভবন নির্মানের জন্য নির্বাচিত স্থানে বিদ্যমান অপরিপক্ক ০৩টি আকাশমনি গাছ কর্তণ বিষয়ে আলোচনা। | জনাব মোঃ শাহজালাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্সের ডরমিটরী ভবন ও জেলা পরিষদ ডাক বাংলোর মধ্যবর্তী স্থানে ' উপজেলা আইসিটি ভবন' নির্মাণের জন্য স্থান নির্বাচন করা হয়েছে। উক্ত ভবন নির্মাণ কাজ শুরু করার লক্ষ্যে ভবন নির্মাণের স্থানে বিদ্যমান গাছ সমূহ অপসারণ করে উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন প্রেরণ করার জন্য প্রকল্প পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। সরেজমিন পরিদর্শন কালে দেখা যায়, ভবন নির্মাণের স্থানে অপরিপক্ক ০৩টি আকাশমনি গাছ রয়েছে। তাই উন্নয়ন কাজ তরান্বিত করার লক্ষ্যে উক্ত ০৩টি গাছ কর্তণ করে অপসারণের অনুমতি প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সের ডরমিটরী ভবন ও জেলা পরিষদ ডাক বাংলোর মধ্যবর্তী স্থানে ' উপজেলা আইসিটি ভবন' নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বিদ্যমান অপরিপক্ক ০৩টি আকাশমনি গাছ কর্তণ করে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ছ) মুজিব বর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ সংক্রান্ত বিষয়ে জনপ্রতিনিধিগণ কর্তৃক প্রতিশ্রুত ঘর নির্মাণ বিষয়ে আলোচনা। | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, মুজিব বর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় নির্বাচিত জনপ্রতিনিধিগণ কর্তৃক ১১ টি বসত ঘর নির্মাণের প্রতিশ্রুতি দেয়া হয়েছে। তন্মধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক ০২টি, মহিলা ভাইস চেয়ারম্যান কর্তৃক ০১টি, চেয়ারম্যান, বিজয়পুর, বারপাড়া, গলিয়ারা উত্তর, গলিয়ারা দক্ষিণ, জোড়কানন পশ্চিম কর্তৃক ০১টি করে মোট ০৮টি ঘর নির্মাণের অর্থ সংশ্লিষ্ট যৌথ তহবিলে জমা করা হয়েছে। কিন্তু উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এবং চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন ও জোড়কানন পূর্ব ইউনিয়ন কর্তৃক এখনো তাদের প্রতিশ্রুত বসতঘর নির্মাণের অর্থ যৌথ তহবিলে জমা করা হয়নি। সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণকে তাদের প্রতিশ্রুত অবশিষ্ট ০৩টি বসত ঘর নির্মাণের অর্থ যৌথ তহবিলে জমা করার জন্য অনুরোধ জানান। তিনি সভায় আরো বলেন- যে ০৮টি বসত ঘর নির্মাণের অর্থ যৌথ তহবিলে জমা হয়েছে সে ঘরগুলো উপজেলা ট্যাস্কফোর্স কমিটির মাধ্যমে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br><br>এ বিষয়ে আলোচনায় অংশনিয়ে উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে তাদের স্ব-স্ব অধিক্ষেত্রের মধ্যে কোথায় কি পরিমান খাস জমি রয়েছে তা খোঁজ করে তালিকা দাখিলের জন্য পুনরায় অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এবং চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন ও জোড়কানন পূর্ব ইউনিয়নকে তাঁদের প্রতিশ্রুত অবশিষ্ট ০৩টি বসত ঘর জরুরী ভিত্তিতে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>খ) জনপ্রতিনিধিগণ কর্তৃক প্রতিশ্রুত যে ০৮টি বসত ঘর নির্মাণের অর্থ যৌথ তহবিলে জমা হয়েছে সে ঘরগুলো উপজেলা ট্যাস্কফোর্স কমিটির মাধ্যমে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে তাদের স্ব-স্ব অধিক্ষেত্রের মধ্যে কোথায় কি পরিমান খাস জমি রয়েছে তা খোঁজ করে খাস জমির তালিকা উপজেলা নির্বাহী অফিসার এর নিকট দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ক) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এবং চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন ও জোড়কানন পূর্ব ইউনিয়ন, কুমিল্লা সদর দক্ষিণ।<br>খ) উপজেলা ট্যাস্কফোর্স কমিটি।<br><br>গ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল, কুমিল্লা সদর দক্ষিণ। |
| জ) ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের " INF ২০১৮-১৯-২০১৯৩৩-০১ " প্যাকেজের বিল পরিশোধের বিষয়েং আলোচনা। | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের " INF ২০১৮-১৯-২০১৯৩৩-০১ " প্যাকেজের "০৩টি ওয়াস ব্লক নির্মাণ(লক্ষীপুর চৌমুহনী বাজার ও পিপুলিয়া বাজার এবং বামিশা হাজী এ.এ উচ্চ বিদ্যালয়ে)" প্রকল্পের কাজ সম্পাদন করে ঠিকাদারী প্রতিষ্ঠান সম্পাদিত কাজের ২৮,৯৯,২০০/- টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেছেন। তিনি দাখিলকৃত বিল অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | ক) ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের " INF ২০১৮-১৯-২০১৯৩৩-০১ " প্যাকেজের "০৩টি ওয়াস ব্লক নির্মাণ (লক্ষীপুর চৌমুহনী বাজার ও পিপুলিয়া বাজার এবং বামিশা হাজী এ.এ উচ্চ বিদ্যালয়ে)"প্রকল্পের সম্পাদিত কাজের ২৮,৯৯,২০০/- (আটাইশ | ক) উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | |
|---|---|---|---|
| | | লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকার বিল পরিশোধের অনুমোদন প্রদানের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০০২.২২- ৪৯(৫০)

তারিখ ঃ ১১ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০৭। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। উপজেলা ........................................................................................ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান,........................................................................................ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
ফোন- ০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইলঃ unocomillasadarsouth@gmail.com

পরিশিষ্ট "ক"

## ২০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

(প্রতিনিধি সদস্যবৃন্দ)

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | উপস্থিত | অনুপস্থিত | |
| ০১ | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | মিসেস নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ খোরশেদ আলম, চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ,চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ ওবায়েদুর রহমান, চেয়ারম্যান, গলিয়ারা উত্তর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | জনাব মোঃ জামাল উদ্দিন প্রধান, চেয়ারম্যান, গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব মোঃ সেলিম আহাম্মদ, চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব মোঃ হারিছ মিয়া, চেয়ারম্যান, জোড়কানন(পূর্ব) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোঃ হাসমত উল্লাহ, চেয়ারম্যান, জোড়কানন(পশ্চিম) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |

(কর্মকর্তা সদস্যবৃন্দ )

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | উপস্থিত | অনুপস্থিত | |
| ০১ | জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | ডাঃ মোঃ আশ্রাফুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | জনাব দেবাশীষ চৌধুরী, অফিসার ইন চার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ শাহ জালাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ হাবিবুল বাশার চৌধুরী, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | ডাঃ মোঃ ইসমাইল হোসেন, উপজেলা প্রানী সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব শামীমা শারমীন, উপজেলা সমাজ সেবা অফিসার ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব পারভীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১১ | জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১২ | জনাব নাসরিন আক্তার, কো-অর্ডিনেটর, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৩ | জনাব মোঃ আবদুল মালেক, উপজেলা সমবায় অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৪ | জনাব প্রবীর কুমার রায়, উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৫ | জনাব মোঃ হারুন-অর-রশীদ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৬ | জনাব তাজমুন নাহার খায়ের, উপজেলা পরিসংখ্যান অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৭ | জনাব তারেক মোল্লা , উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৮ | জনাব মোঃ ফজলে রাব্বী সরকার, ফরেস্টার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৯ | মিসেস নিলীমা আক্তার, সহকারী উপজেলা মৎস্য অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২০ | জনাব জান্নাতুল খুলদ, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২১ | জনাব মোঃ খলিলুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২২ | জনাব মোঃ এনামুল হক ভূঞা , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৩ | জনাব মোঃ ফজলে রাব্বী, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৪ | বেগম সালমা খাতুন, সহকারী প্রোগ্রামার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৫ | জনাব মুহাম্মদ রায়হান আরেফীন, উপজেলা নির্বাচন অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৬ | মোসাঃ রাবেয়া সুলতানা, তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) তথ্য কেন্দ্র, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৭ | জনাব শিমুল কান্তি সরকার, উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |

পরিশিষ্ট "খ"

২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে চূড়ান্তকৃত প্রকল্প তালিকা ঃ

**বারপাড়া ইউনিয়ন ঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | পলটার পাড় রামচন্দ্র পুর অহিদ মিয়ার বাড়ীর সামনে থেকে মান্নান মিয়ার বাড়ী পর্যন্ত সলিং | ২ লক্ষ |
| ২ | চন্ডি পুর জহিরুল ইসলামের বাড়ী পার্শ্বে ড্রেন নির্মান | ১ লক্ষ |
| ৩ | চন্ডি পুর দক্ষিণ পাড়া দরবেশ বাড়ীর পুকুরের প্যালা ওয়ার নির্মান | ২ লক্ষ |
| ৪ | গাংকুল সিরাজ বাবুর্চি বাড়ীর রাস্তা প্যালা ওয়াল নির্মান | ১ লক্ষ পঞ্চাশ হাজার |
| ৫ | দক্ষিণ বিজয় পুর সম্পদের বাড়ি পুকুরের প্যালা ওয়াল নির্মান | ১ লক্ষ পঞ্চাশ হাজার |
| ৬ | ছন গাও দঃ পাড়া লালা পুকুর পাড় জামে মসজিদের অযুখানা | ১.৫০ লক্ষ |
| ৭ | বার পাড়া পাকা সড়ক থেকে হারিছ ভাইয়ের বাড়ী পর্যন্ত সলিং | ১ লক্ষ |
| | মোট: | ১০.৫০ লক্ষ |

**চৌয়ারা ইউনিয়নঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | রামচন্দ্র পুর গ্রামের পূর্ব পার্শ্বের কৃষি ড্রেইন প্রায় ৩০০ ফুট | ২ লক্ষ |
| ২ | বড় বামিশা মোঃ শাহাদাত হোসেনের বাড়ীর পশ্চিম পাশ্বে রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৩ | নলছোয়া ইউসুফ আলী সদ্দার বাড়ীর সামনে কালভার্ট নির্মান | ১ লক্ষ |
| ৪ | সাত বাড়িয়া পাকা রাস্তা হইতে এমদাতের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৫ | মঙ্গলপুর গ্রামের মসজিদ থেকে মনু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৬ | মঙ্গলপুর গ্রামের মসজিদ থেকে চারা বাড়ী পর্যন্ত সলিং | ১ লক্ষ |
| ৭ | কিং বামিশা প্রাইমারি স্কুল সংলগ্ন পোদ্দার পুকুরের রিটেইনিং ওয়াল নির্মান | ১ লক্ষ |
| ৮ | আলাম পুর দক্ষিণ পাড়া আবদুস সাত্তারের বাড়ীর রাস্তা সলিং | ১ লক্ষ |
| | মোট: | ৯ লক্ষ |

**বিজয়পুর ইউনিয়নঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | মধ্যম বিজয়পুর পূর্ব পাড়া বিমল ভৌমিকের বাড়ির রাস্তা সলিং | ১ লক্ষ |
| ২ | জামমুড়া ত্রিপুরা বাড়ির রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৩ | সাওড়াতলী আমির হামজার বাড়ি হতে এরশাদ মিয়ার বাড়ী পর্যন্ত সলিং | ১ লক্ষ |
| ৪ | মধ্যম বিজয়পুর পূর্বপাড়া রণজিত দাসের বাড়ী হতে উত্তর দিকে পুকুরের পাশে যুবরাজ ভৌমিকের বাড়ী পর্যন্ত রাস্তার পাশে রিটেইনিং ওয়াল নির্মান | ২ লক্ষ |
| ৫ | গাবতলী হুমায়ন কবিরের বাড়ির রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৬ | তুলাতলী মসজিদের পাশে পুকুরের রিটেইনিং ওয়াল নির্মান | ২ লক্ষ |
| | মোট: | ৮ লক্ষ |

**জোড়কানন পশ্চিম ইউনিয়নঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | কিং রাম চন্দ্রপুর পাকা রাস্তা হতে জহিরের বাড়ী হয়ে পাকা রাস্তা পযর্ন্ত সলিং | ২ লক্ষ |
| ২ | ধনপুর জলিল ও জাকির মিস্ত্রীর বাড়ী রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৩ | সুয়াগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ের রাস্তায় পাগলী খালের পাশে প্যালা ওয়াল নির্মান | ২ লক্ষ পঞ্চাশ হাজার টাকা |
| ৪ | মুরাদ কালিকাপুর দাখিল মাদ্রাসা সংস্কার | ২ লক্ষ পঞ্চাশ হাজার টাকা |
| | মোট: | ৮ লক্ষ |

**জোড়কানন পূর্ব ইউনিয়নঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১ | জগপুর মথুরাপুর রাস্তার পুকুরের রিটেইনিং ওয়াল | ১ লক্ষ |
| ২ | নির্ভয়পুর সুরুজ মেম্বারের বাড়ীর পাশের মসজিদ সংলগ্ন খালের উপর কালভটি নির্মান | ২ লক্ষ |
| ৩ | কুড়িয়া পাড়া যুবলীগ রহমানের বাড়ীর পাশে নির্মানাধীন পাকা রাস্তার ভাঙ্গা কালভার্ট পুনঃ নির্মান | ২ লক্ষ |
| ৪ | পশ্চিম বিষ্ণুপুর (ধর্মনগর) দুলাল ড্রাইভারের বাড়ীর সামনে রাস্তার পাশে পাকা ড্রেন নির্মার্ন | ১ লক্ষ |
| ৫ | মথুরাপুর আক্তার আলী মডেল হাই স্কুলের দরজা জানালা তৈরি | ২ লক্ষ |
| | মোটঃ | ৮ লক্ষ |

## গলিয়ারা উত্তর ইউনিয়নঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | কদমতলী হানিফ মিয়ার বাড়ীর রাস্তার পার্শ্বে পুকুরের রিটেইনিং ওয়াল | ২ লক্ষ |
| ২ | বড়চর সহিদ মিয়ার সেলো টিউবওয়েল পাশে রিটেইনিং ওয়াল | ১ লক্ষ |
| ৩ | জঙ্গলপুর গ্রামের ফুলকার নাইন বাড়ীর পুকুরের রিটেইনিং ওয়াল | ১ লক্ষ |
| ৪ | জঙ্গলপুর গ্রামের নাঈম মেম্বারের বাড়ী হইতে কাজী মোসলেম উদ্দীনের বাড়ীর রাস্তা সলিং | ১ লক্ষ |
| ৫ | জঙ্গলপুর গ্রামের হাসেম মাস্টারের বাড়ী হইতে জাহাঙ্গীরের বাড়ী পর্যন্ত সলিং | ১ লক্ষ |
| ৬ | দেবীপুর হান্নান মজুমদারের বাড়ীর পার্শ্বে কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মান | ১ লক্ষ |
| ৭ | সাহাপুর কাশেম আমিনের বাড়ীর সামনে পুকুর পাড়ের ঘাটলা নির্মান | ১ লক্ষ |
| | মোটঃ | ৮ লক্ষ |

## গলিয়ারা দক্ষিণ ইউনিয়নঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | দক্ষিণ রামপুর পাকা রাস্তা হইতে হানিফ মজুমদারের বাড়ী পর্যন্ত সলিং প্রায় ৫০০ ফুট | ২ লক্ষ |
| ২ | চুলিপাড়া বড় বাড়ীর নোয়াব মিয়ার পুকুরে পেলা ওয়াল নির্মান | ২ লক্ষ |
| ৩ | নলকুড়ি পশ্চিম পাড়া জামে মসজিদের অজুখানা নির্মান | ১ লক্ষ |
| ৪ | ২য় যশপুর মসজিদের পশ্চিম পাশে রাস্তার কালভার্ট নির্মান | ১ লক্ষ |
| ৫ | শুভপুর গ্রামের তাজু মিয়ার বাড়ী হইতে রাজ্জাক মিয়ার বাড়ী পর্যন্ত প্রায় ২০০ ফুট পাকা ড্রেইন নির্মান | ১ লক্ষ |
| | মোটঃ | ৭ লক্ষ |

শুভাশিস ঘোষ
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা